বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
বরিশাল।

ফোন ঃ ০২-৪৭৮৮৩০৩১০
ই-মেইলঃ daobarisal @krishibank.org.bd

নং- বিনিকা/বরি/প্রশা-০৬/২০২৪-২০২৫/ ৬১০ তারিখ ঃ ০৮/১২/২০২৪ খ্রি.

সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বরিশাল বিভাগ।

অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ

বিষয় ঃ ঋণ পুন:তফসিলকরণের সঠিকতা যাচাই প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর ০৫/১২/২০২৪ ইং তারিখের স্মারক নং-প্রকা/পবি/বাঃব্যাঃবিঃপঃ-২০২৪/২০২৪-২০২৫/২৩১৪ এবং নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর ০৫/১২/২০২৪ ইং তারিখের পত্র নং-প্রকা/নিবি/নি:-২৩(বা:ব্যা:)/২০২৪-২০২৫/১৩৪২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রের মাধ্যমে জানানো হয় যে, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ও কতিপয় শাখাসমূহের উপর ৩০/০৬/২০২৪ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ডিবিআই-২ কর্তৃক পরিচালিত বিশদ পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উক্ত বিশদ পরিদর্শন প্রতিবেদনের চূড়ান্ত প্রতিবেদন প্রেরণের পূর্বে গত ০১/১২/২০২৪ তারিখে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দলের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীগণের একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল কর্তৃক পরিদর্শিত বিকেবি'র বিভিন্ন শাখা/প্রধান কার্যালয় পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত বিভিন্ন অনিয়মের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিশেষ করে শাখা কর্তৃক পুনঃতফসিলকৃত ঋণের অধিকাংশই বিআরপিডি সার্কুলার নং-০৫ ও ১৬ তারিখ ১৮/০৭/২০২২ ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সার্কুলার মোতাবেক সঠিকভাবে পুন:তফসিল করা হয়নি মর্মে উল্লেখ করেন। ফলে ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ পুন:তফসিলকৃত ঋণের ঋণগ্রহিতাগণের নিকট হতে যথাযথভাবে আবেদনপত্র গ্রহণসহ ঋণ পুন:তফসিলকরণের অন্যান্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা মাঠ পর্যায়ে সরজমিনে যাচাই এর নির্দেশনা প্রদান করেন।

০৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে পন:তফসিলকৃত ঋণগ্রহীতাগণের নিকট হতে যথাযথভাবে আবেদনপত্র গ্রহণসহ পুন:তফসিলকরণের অন্যান্য নির্দেশনা সঠিকভাবে পরিপালন করা হয়েছে কিনা তা বিকেবি'র প্রতিটি অঞ্চল থেকে Random Basis এ ০২/০৩ টি শাখা তদন্ত করে তদন্ত প্রতিবেদন প্রমানকসহ প্রেরণের জন্য পরিপালন বিভাগ কর্তৃক আলোচ্য পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়নার্থে আপনার আওতাধীন শাখা সমূহ হতে Random Basis এ ০২ (দুই) টি করে শাখা বাছাই করে শাখা কর্তৃক ঋণ পুনঃতফসিল করার ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৫ ও ১৬ তারিখ ১৮/০৭/২০২২ ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সার্কুলারের নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা সরজমিনে যাচাই করে একটি তদন্ত প্রতিবেদন আগামী ১১/১২/২০২৪ তারিখের মধ্যে তালিকা ও প্রমাণকসহ (Soft Copy ই-মেইল যোগে) অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,
০৮.১২.২৪
(মোঃ আবু মাহমুদ)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীন নিয়ন্ত্রন ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। নথি/মহানথি।